

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

তারিখ: ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.২৫.৩০৬৮

বিষয়: চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সিএসডি ও চাঁদপুর সিএসডিতে নৌপথে মোট ৮,০০০ মে.টন বস্তাবন্দি গমের চলাচল উপসূচি (উপসূচি নং-৪১/১)

সূত্র: চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখার ০১-০২-২০২৫ খ্রি. এর ১৩.০১.০০০০.০৮১.৫০.০০২. ২৫.৩০৬০ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম সাইলো হতে নারায়ণগঞ্জ সিএসডি ৫০০০ মে.টন ও চাঁদপুর সিএসডিতে ৩০০০ মে.টনসহ সর্বমোট ৮০০০ মে.টন বস্তাবন্দি গমের চলাচল সূচি জারির প্রেক্ষিতে নিম্নোক্তভাবে চলাচল উপসূচি নির্দেশক্রমে জারি করা হলো। একইসাথে, ঠিকাদার কর্তৃক পণ্যের নিরাপত্তা জামানত অনুযায়ী জাহাজ বোঝাই দেওয়ার জন্য অনুরোধ করা।

| ক্রঃ নং | ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম | শ্রেণি ও লট নং | প্রেরণ কেন্দ্র | প্রাপক কেন্দ্র | পণ্য | পরিমাণ (মে.টন) | রুট |
|------------|--|---------------------------------------|--------------------|-----------------------|------------------|-------------------|-------|
| ১. | মেসার্স ফয়সাল নেভিগেশন | মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম লট নং ২ | চট্টগ্রাম সাইলো | নারায়ণগঞ্জ সিএসডি | বস্তাবন্দি গম | ১০০০ | নৌ পথ |
| ২. | মেসার্স এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০০ | ঐ |
| ৩. | মীম শরণ কনস্ট্রাকশন | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০০ | ঐ |
| ৪. | মেসার্স ইরা কর্পোরেশন | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০০ | ঐ |
| ৫. | মেসার্স ফারুক ব্রাদার্স শিপিং লাইন্স | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০০ | ঐ |
| ৬. | মেসার্স কাজী সাহিদুর রহমান | ঐ | ঐ | চাঁদপুর সিএসডি | ঐ | ১০০০ | ঐ |
| ৭. | এম.ভি শাহজালাল নেভিগেশন লিঃ- মেসার্স বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেনিসিএ) | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০০ | ঐ |
| ৮. | মেসার্স গ্লোবাল মার্কেটাইল শিপিং এন্ড ট্রেডিং | ঐ | ঐ | ঐ | ঐ | ১০০০ | ঐ |
| | | | | মোট = | | ৮,০০০ | |

নির্দেশনাসমূহ:

১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এবং সাইলো অধীক্ষক, চট্টগ্রাম, উপ-সূচি জারি/ বোঝাইয়ের পূর্বে জাহাজ/ কোন্টারের গম পরিবহনের উপর্যুক্ততা, সার্ভে সার্টিফিকেট, বে-ক্রসিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেটের মূল/সত্যায়িত কপি ও অন্যান্য তথ্যাদি অবলোকন/ যাচাই পূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন;

২। পরিবহন ঠিকাদার কর্তৃক সাধারণ বীমা কর্পোরেশন হতে বোঝাইতব্য পরিমাণ পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চসনি, চট্টগ্রাম/সাইলো অধীক্ষক চট্টগ্রাম দপ্তরে জমা দিয়ে গম পরিবহন করাবেন;

৩। প্রতি বার্ড/নৌযানে প্রেরিত গমের নমুনা অবশ্যই যৌথ সাক্ষর সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে;

৪। সূচির মেয়াদ শেষ হওয়ার পর অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৫। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ও ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

৬। এই সূচির মেয়াদ আগামী ১২-০২-২০২৫ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে;

৭। প্রেরণকারী সাইলো অধীক্ষক প্রতি সপ্তাহে প্রেরিত পরিমাণ গমের পর্যবেক্ষণ প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করবেন;

৮। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

০২-০২-২০২৫

মোঃ আনিছুর রহমান
সহকারি উপপরিচালক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম।
- ২। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০২.২৫.৩০৬৮/১ (৭)

তারিখ: ১৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৪। জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁদপুর।
- ৫। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। ব্যবস্থাপক, নারায়ণগঞ্জ সিএসডি/চাঁদপুর সিএসডি।
- ৭। মেসার্স মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম নৌপরিবহণ ঠিকাদার।



০২-০২-২০২৫

মোঃ আনিছুর রহমান
সহকারি উপপরিচালক